

মিজেলস (হাম), মাম্পস & রুবেলা (MMR): তথ্যপত্র

ওয়েলসে সম্প্রতি মিজেলস এর প্রাদুর্ভাব ঘটেছে এবং বার্মিংহাম এবং লন্ডনে বর্তমানে
প্রাদুর্ভাব রয়েছে

:মিজেলস (হাম)

মিজেলস হলো পৃথিবীর অন্যতম সংক্রামক রোগ। যদি একজনের এটি থাকে তবে তাদের টিকা অর্থাৎ
ভ্যাকসিন না নেওয়া পরিবার এবং বন্ধুদের মধ্যে ১০ জনের মধ্যে ৯ জন সংক্রামিত হতে পারে।
মিজেলস কেবল ফুসকুড়ির চেয়ে আরও অনেক বেশি মারাত্মক হতে পারে। এটি দৃষ্টিশক্তি হ্রাস, শ্রবণশক্তি
হ্রাস, নিউমোনিয়া, মেনিনজাইটিস বা মৃত্যুর মতো মারাত্মক জটিলতা সৃষ্টি করতে পারে।
ভ্যাকসিন না দেওয়া শিশু এবং যারা গর্ভবতী তাদের মিজেলস থেকে গুরুতর জটিলতার ঝুঁকি সবচেয়ে
বেশি।
যদি কোনও স্কুলে মিজেলসের নিশ্চিত ঘটনা ঘটে তবে ভ্যাকসিন নেওয়া হয়নি এমন কোনও ঘনিষ্ঠ
যোগাযোগকে ২১ দিনের জন্য বিচ্ছিন্ন করতে হবে।

:মাম্পস

মাম্পস অত্যন্ত সংক্রামক এবং ঘাড় ফোলা এবং
কোমলতা দ্বারা এটি বুঝা যায়।
মাম্পসের হালকা লক্ষণগুলির মধ্যে জ্বর,
মাথাব্যথা, শরীরের ব্যথা, ক্লান্তি এবং ক্ষুধা হ্রাস
অন্তর্ভুক্ত থাকতে পারে।
মাম্পসের গুরুতর জটিলতার মধ্যে রয়েছে
ছেলেদের মধ্যে অণ্ডকোষে সংক্রমণ এবং মেয়েদের
ক্ষত্রে ওভারিজ তথা ডিম্বাশয়ে - এটি পরবর্তী
জীবনে উর্বরতার (ফার্টিলাইটি) সমস্যার পাশাপাশি
বধিরতার কারণ হতে পারে

:রুবেলা

রুবেলা বেশিরভাগ মানুষের জন্য হালকা লক্ষণ
যেমন ফুসকুড়ি, জ্বর, ক্লান্তি, নাক দিয়ে পানি পড়া
এবং চোখের সংক্রমণ ঘটায়। এটি আরও গুরুতর
লক্ষণগুলির কারণ হতে পারে।
যদি গর্ভবতী কেউ রুবেলা দ্বারা সংক্রামিত হয়
তবে এটি শিশুর মৃত্যুর কারণ হতে পারে, বা
চোখের ক্রটি, বধিরতা, হার্টের সমস্যা, বৃদ্ধির
সমস্যা এবং অন্যান্য গুরুতর স্বাস্থ্যগত সমস্যা
নিয়ে জন্মগ্রহণ করতে পারে।

এমএমআর ভ্যাকসিনের সম্পূর্ণ কোর্সটি ২ ডোজের - এবং
এটি নিতে কখনই দেরি হয়ে যায় না!

জেল্যাটিন মুক্ত এমএমআর ভ্যাকসিন পাওয়া যায়

আপনার সন্তানের জন্য ভ্যাকসিন দেওয়ার ব্যবস্থা করতে, সম্মতি ফর্মটি পূরণ করতে
কিউআর কোডটি স্ক্যান করুন, অথবা আপনার জিপি প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন

সম্মতি ফর্ম



আপনার সন্তানকে এমএমআর ভ্যাকসিন দেয়া হয়েছে কিনা তা আপনি যদি নিশ্চিত না হন তবে প্রথমেই আপনার
সন্তানের ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ড (লাল বই) পরীক্ষা করুন। আপনি যদি অনিশ্চিত থাকেন তবে অন্যান্য বিকল্পগুলির
মধ্যে রয়েছে:

স্থানীয় চাইল্ড হেলথ্ টীমের সাথে যোগাযোগ করা 029 218 3626 or 029 218 36929 •
আপনার জিপি প্র্যাকটিসের সাথে যোগাযোগ করা •